

21 JAN 1998

সরিখ : 12-4/1/1998
পৃষ্ঠা : ৮

দৈনিক সংবাদ

প্রসঙ্গ : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে উচ্চ শিক্ষালাভের উদ্দেশ্যে ভর্তি হয়েছিলাম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। কিন্তু ভর্তি হয়ে দেখতে পাই একটি বিশেষ ছাত্র-সংগঠনের অস্থায়ী যুবকদের বাহুবলের খেলা-সে খেলা আমাদের শিক্ষার পথকে করেছে রুদ্ধ, আমাদের অভিভাবকদের করেছে আতঙ্কিত। ঐ অস্থায়ী সংগঠনটি একজন নির্বাচিত উপাচার্যের অযৌক্তিক পদত্যাগের দাবীকে কেন্দ্র করে এ হোলিখেপার রাজত্ব কায়মে করে আসছে। আর আমাদের গণতান্ত্রিক সরকার ঐ সংগঠনের অযৌক্তিক দাবীর প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে (ক্ষমতা আঁকড়ে রাখার প্রয়োজনে) গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত উপাচার্যকে বিভিন্ন লোভ দেবিয়ে ব্যর্থ হলে জোরপূর্বক অর্যাহতি প্রদান করে। গণতান্ত্রিক সরকারের এই অগণতান্ত্রিক পদক্ষেপ (বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ-৭৩ লংঘন) আমাদের শিক্ষাজীবনকে যে আরো কতটুকু দীর্ঘায়িত করেছে, তা বলার অপেক্ষা রাখে না। কারণ সরকারের ঐ অগণতান্ত্রিক পদক্ষেপ বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্র-ছাত্রী শিক্ষক-শিক্ষিকার নিকট গ্রহণযোগ্য নয়। যার প্রতিবাদ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ছাত্রসমাজের প্রতিনিধি চাকসু এবং শিক্ষক সমাজের প্রতিনিধি শিক্ষক সমিতি অনিদিষ্টকালের জন্য ধর্মঘট আদ্বান করতে বাধ্য হয়েছে। গণতান্ত্রিক সরকারের কাছে আমার প্রশ্ন, আপনাদের এই পদক্ষেপ কি আমাদের (ছাত্রসমাজের) স্বার্থে, নাকি আপনাদের স্বার্থে? যদি আমাদের স্বার্থেই হয় তাহলে আপনাদের প্রতি অনুরোধ বিশ্ববিদ্যালয়ের ছাত্রসমাজের প্রতিনিধি চাকসু প্রণীত ছয় দফার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে আমাদের শিক্ষাজীবনকে রক্ষা করুন।

রাফিয়া আখতার রুমা
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

১৭
৫৭